



লাইনেস®

লাইনেসট্রেনল এবং ইথিনাইল এস্ট্রাডিয়ল
খাওয়ার ট্যাবলেট

উপাদান :

প্রতিটি ট্যাবলেটে আছে :

লাইনেসট্রেনল বিপি (একটি প্রোজেস্টোজেন) ২.৫ মিলিগ্রাম।

ইথিনাইল এস্ট্রাডিয়ল ইউএসপি (একটি এস্ট্রোজেন) ০.০৫ মিলিগ্রাম।

নির্দেশনা :

খাওয়ার গর্তনিরোধক।

সেবন মাত্রা ও প্রয়োগ বিধি :

মাসিক শুরু হওয়ার প্রথম দিনেই প্রথম প্যাকেটের প্রথম ট্যাবলেটটি খেতে হবে। ব্রাদ বদল করে অন্য ব্রান্ডের খাওয়ার গর্তনিরোধক ব্যবহারের বেলায়ও একই পদ্ধতি অনুসরণ করতে হবে। ২২ দিনের এক দিনও ছেদ না ঘটিয়ে প্রতিদিন একই সময়ে একটি করে বড়ি খেতে হবে। বাকি ৬ দিন হল ট্যাবলেট-মুক্ত সময়। বড়ি মুক্ত সময়ের মেয়াদ ওই ৬দিন শেষ হওয়ার পর পরবর্তী প্যাকেটের ট্যাবলেট খাওয়া শুরু করতে হবে।

প্রতিনির্দেশ/যে সব ক্ষেত্রে ব্যবহার করা যাবে না :

- গর্ভাবস্থায়।
- কার্ডিওভাসকুলার ব্যাধি, যেমন - থ্রোম্বোফাইটিস ও থ্রোম্বোএম্বলিক প্রসেস অথবা অতীতে এসব অবস্থার সৃষ্টি হলে।
- মারাত্মক রকমের উচ্চ রক্তচাপ।
- লিভারের মারাত্মক রকমের রোগ অথবা যদি পরীক্ষায় দেখা যায় লিভার ফাংশন স্বাভাবিক অবস্থায় ফিরে আসতে ব্যর্থ হয়েছিল এমন পূর্ব বিবরণ জানা থাকলে, কোলেস্ট্যাটিক জন্ডিস; গর্ভাবস্থায় জন্ডিস অথবা স্টেরয়েড ব্যবহারের ফলে জন্ডিসের পূর্ব বিবরণ থাকলে; রোটার সিনড্রোম ও ডুবিন-জনসন সিনড্রোম।
- এস্ট্রোজেন-নির্ভর টিউমার থাকলে অথবা সন্দেহ করলে।
- এডোমেট্রিয়াল হাইপারপ্লাসিয়া।
- অজ্ঞাত কারণে ভ্যাজাইনাল রক্তস্রাব হলে।
- পোরফাইরিয়া।
- হাইপার লাইপোপ্রোটিনেমিয়া, বিশেষ করে কার্ডিওভাসকুলার রোগের সম্ভাবনা বাড়িয়ে দিতে পারে এমন রিস্ক ফ্যাক্টরের উপস্থিতিতে।
- গর্ভাবস্থায় বা তার আগে সিভিয়ার প্রংরাইটাসে অথবা হারপেস জেসটেশনাইটিস-এ স্টেরয়েড ব্যবহারের পূর্ব বিবরণ থাকলে।

কিভাবে লাইনেস® গ্রহণ করতে হবে :

প্রথম লাইনেস® প্যাকেট শুরু :

আপনি যদি বর্তমানে কোন ট্যাবলেট না খান :

১. পরবর্তী মাসিক শুরু হওয়া পর্যন্ত অপেক্ষা করুন। মাসিক শুরুর প্রথম দিন হতে প্যাকেটের

উপরের সারি থেকে নির্দিষ্ট দিন চিহ্নিত প্রথম লাইনেস™ ট্যাবলেট খাওয়া শুরু করুন, যেমন আপনার মাসিক যদি বুধবার শুরু হয় তাহলে প্যাকেটের উপরের সারি থেকে বুধবার চিহ্নিত ট্যাবলেটটি খান। একই নিয়মে প্রতিদিন একই সময়ে তীর চিহ্ন অনুসরণ করে ১টি করে ট্যাবলেট খেয়ে ২২টি ট্যাবলেট খাওয়া শেষ করুন। মনে রাখবেন আপনার মাসিকের প্রথম দিন থেকে ট্যাবলেট খাওয়া শুরু করলে এবং কোন ট্যাবলেট খাওয়া ভুলে না গেলে আপনাকে অতিরিক্ত কোন সতর্কতামূলক জন্মনিরোধক ব্যবস্থা গ্রহণ করতে হবে না।

- আপনার মাসিকের যদি ইতিমধ্যে ৫ দিন অতিক্রান্ত হয়ে যায় তাহলে মাসিক শুরুর দিনকে প্রথম দিন হিসাব করে পঞ্চম দিন থেকে প্রথম ট্যাবলেট খাওয়া শুরু করুন। এই ৫ দিনের মধ্যে মাসিকের নিঃসরণ বন্ধ হয়ে গেলেও কোন অসুবিধা নাই। তীর চিহ্ন অনুসরণ করে পুরা প্যাকেটের ট্যাবলেট (১নং পয়েন্টে বর্ণিত নিয়মানুযায়ী) খাওয়া শেষ করুন। এই ক্ষেত্রে ট্যাবলেট গ্রহণের প্রথম ১৪ দিন আপনার সঙ্গীকে অবশ্যই অতিরিক্ত সতর্কতামূলক জন্ম নিরোধক ব্যবস্থা (যেমন-কনডম) ব্যবহার করতে হবে।
- যদি আপনার মাসিক ৫ দিনের বেশী সময় আগে শুরু হয়ে থাকে সেক্ষেত্রে আপনাকে লাইনেস™ ট্যাবলেট গ্রহণের জন্য পরবর্তী মাসিক শুরু হওয়া পর্যন্ত অপেক্ষা করতে হবে।

আপনি যদি এক বা একাধিক ট্যাবলেট খাওয়া ভুলে যান :

যদি নির্দিষ্ট সময়ে ট্যাবলেট খাওয়া না হয় এবং ১২ ঘণ্টা অতিক্রম না করে তাহলে যখনই মনে পড়বে তখনই ভুলে যাওয়া ট্যাবলেটটি খেয়ে নিন। পরবর্তী ট্যাবলেট গুলি নিয়মানুযায়ী সঠিক সময়ে খাবেন। এই ক্ষেত্রে ট্যাবলেটের পূর্ণ কার্যক্ষমতা বজায় থাকবে। যদি ১২ ঘণ্টার বেশী সময় পার হয় তবে ট্যাবলেটের কার্যক্ষমতা কমে যায়। এক্ষেত্রে পরবর্তী দিন আপনাকে দুটি ট্যাবলেট খেতে হবে। প্রথম ভুলে যাওয়া ট্যাবলেটটি যখন মনে পড়বে তখনই খাবেন এবং অপরটি নিয়মানুযায়ী দিনের নির্দিষ্ট সময়ে খাবেন। পুরা প্যাকেটের ট্যাবলেট নিয়ম মত খাওয়া শেষ করুন। এক্ষেত্রে পরবর্তী ১৪ দিন অথবা আপনার পরবর্তী মাসিকের শুরু, যেটা সর্বাধিক সেই পর্যন্ত আপনার সঙ্গীকে অবশ্যই অতিরিক্ত সতর্কতামূলক জন্ম নিরোধক ব্যবস্থা (যেমন-কনডম) ব্যবহার করতে হবে।

পার্শ্ব প্রতিক্রিয়া :

প্রাথমিক পর্যায়ে কারও কারও সাময়িক কিছু পার্শ্ব প্রতিক্রিয়া যেমন, মাথা ব্যাথা, বমি বমি ভাব, ওজন বৃদ্ধি, মানসিকতার পরিবর্তন, শ্বনে ব্যাথা, উচ্চ রক্তচাপ, ধমনীতে রক্ত জমাট বাধা, যকৃত এবং বৃক্কের কার্যক্ষমতার অসুবিধা ইত্যাদি হতে পারে।

গুরুত্বপূর্ণ :

আপনার বয়স যদি ৩৫ বছরের বেশী হয় এবং আপনি যদি ধূমপায়ী হন তাহলে লাইনেস® খেতে আপনাকে অবশ্যই ধূমপান পরিহার করতে হবে। অতিরিক্ত লাইনেস প্যাকেট শুষ্ক, ঠাণ্ডা এবং আলোবিহীন স্থানে সংরক্ষণ করুন।

সংরক্ষণ :

আলো থেকে দুরে, ২°C - ৩০°C তাপমাত্রায় শুষ্ক স্থানে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহ :

লাইনেস® ট্যাবলেটঃ প্রতি বাক্সে আছে অ্যান্টি-পি.ভি.সি. ব্লিষ্টার স্ট্রিপ সম্বলিত ১x২২ টি ট্যাবলেট।



প্রযুক্তিকারকঃ
নুভিস্তা ফার্মা লিমিটেড
৪৮, টঙ্গী শিল্প এলাকা, গাজীপুর, বাংলাদেশ
বেঙ্গিমহা ফার্মাসিউটিক্যালস লিঃ এর একটি স্বাধীনকারী প্রতিষ্ঠান

0106DS1801